

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং ৪৫.১৪২.০১২.০০.০০.০২৫.২০১৭-৮১১

তারিখঃ ০৮.১১.২০১৭খ্রিঃ।

বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের বিভিন্ন বিষয়ে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত খসড়া তালিকা সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাইসহ তথ্য সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের বিভিন্ন বিষয়ে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে বেসিক সাইন্স এর ০২ (দুই) টি বিষয়ের (মেডিকেল অনকোলজি এবং ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন) কর্মকর্তাদের তথ্য সম্বলিত খসড়া তালিকা প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mohfw.gov.bd) প্রকাশ করা হলো।

সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তাদের বর্তমান কর্মস্থলসহ তালিকায় উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে বা কারো নাম বাদ পড়ে থাকলে আগামী ২০/১১/২০১৭ তারিখের মধ্যে জরুরীভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। যাদের তথ্য যথাযথ রয়েছে তাদের যোগাযোগ করার প্রয়োজন নেই।

উল্লেখ্য, চাকরি বিধি অনুযায়ী সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য চাকরি স্থায়ীকরণ, সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা, ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরিকাল, সন্তোষজনক চাকরির রেকর্ড, ২০১৬ সাল পর্যন্ত বিগত ০৫ (পাঁচ) বছরের এসিআর এবং সিনিয়র স্কেল পাশ প্রয়োজন। নির্ধারিত সময়ের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরে কোন আপত্তি পাওয়া না গেলে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অত্র খসড়া তালিকা চূড়ান্ত করা হবে পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।



(মইনউদ্দিন আহমদ)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৪

Email: dsper1@mohfw.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আপত্তিসমূহ নিষ্পত্তি করে চূড়ান্ত তালিকা মন্ত্রণালয়ের প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাকে পত্রটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করাসহ দেশের সকল সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অধ্যক্ষ/পরিচালক, ইনস্টিটিউট প্রধান, বিভাগীয় পরিচালক, সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) বরাবরে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করে ব্যাপক প্রচার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)

